গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৩৪/২০১৮-২০১৯
ঢাকা, ৯ জুন রোববার ২০১৯, ২৬ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। তিন দেশ সফর শেষে গতকাল দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী
২। প্রধানমন্ত্রীর ত্রিদেশীয় সফর নিয়ে আজ সংবাদসম্মেলন
৩। একাদশ সংসদের বাজেট অধিবেশন শুরু আগামী ১১ জুন
৪। বিএসএমএমইউ-তে খালেদা জিয়ার জন্য প্রয়োজনীয় নিরাপত্তা রয়েছে : সেতুমন্ত্রী
৫। ঈদের দিন খালেদা জিয়ার সঙ্গে তাঁর আত্মীয়স্বজন দেখা করেছেন : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
৬। পাইলটের এমন ভুল করা উচিত হয়নি :
পাসপোর্ট না নিয়ে বিদেশ সফর সম্পর্কে স্বরাষ্ট্রমন্ত্রী
৭। রেলযোগাযোগ উন্নত করতে '৪৫ সাল পর্যন্ত দীর্ঘমেয়াদী পরিকল্পনা : পঞ্চগড়ে রেলপথমন্ত্রী
৮। ক্রীড়া ক্ষেত্রে সরকার অভাবনীয় উন্নয়ন সাধন করেছে : পিরোজপুরে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী
৯। আজ শুরু হিলি ও বেনাপোল স্থলবন্দরের কার্যক্রম
১০। বিশ্বকাপে বাংলাদেশের দ্বিতীয় সেঞ্চুরিয়ান সাকিব আল হাসান
১১। আজ থেকে কৃষি শুমারির মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কার্যক্রম শুরু
১২। আজ বিশ্ব অ্যাক্রিডিটেশন দিবস

চলমান পাতা-২

১। **তিন দেশ সফর শেষে গতকাল দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাপান, সৌদি আরব এবং ফিনল্যান্ডে **১১** দিনের সফর শেষে দেশে ফিরেছেন। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট গতকাল (৮ জুন শনিবার) সকাল **১০**টা ৫৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সেখান থেকে প্রধানমন্ত্রী গণভবনে পৌঁছালে আওয়ামী লীগ এবং এর সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ তাঁকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। প্রধানমন্ত্রী তাঁর ত্রিদেশীয় সফরের শুরুতে গত ২৮ মে জাপানের রাজধানী টোকিও যান। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.১)।

২। **প্রধানমন্ত্রীর ত্রিদেশীয় সফর নিয়ে আজ সংবাদসম্মেলন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সদ্য সমাপ্ত জাপান, সৌদি আরব ও ফিনল্যান্ডে ত্রিদেশীয় সফর নিয়ে সংবাদসম্মেলন করবেন আজ (৯ জুন রোববার)। বিকেল ৫টায় গণভবনে এ সংবাদসম্মেলন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। **১১** দিনের বিদেশ সফর শেষে গতকাল (৮ জুন শনিবার) দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী। সূত্র **: সমকাল** (শেষ পৃ,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩ । **একাদশ সংসদের বাজেট অধিবেশন শুরু আগামী ১১ জুন**

একাদশ জাতীয় সংসদের তৃতীয় ও ২০১৯ সালের বাজেট অধিবেশন আগামী **১১** জুন মঙ্গলবার বিকেল ৫টায় শুরু হবে। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে গত **১৩** মে এ অধিবেশন আহবান করেছেন। এ অধিবেশনে আগামী **১৩** জুন বৃহস্পতিবার ২০১৯-২০ অর্থবছরের বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫),
সংবাদ (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৪। **বিএসএমএমইউ-তে খালেদা জিয়ার জন্য প্রয়োজনীয় নিরাপত্তা রয়েছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) চিকিৎসাধীন কারাবন্দি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার নিরাপত্তার ব্যাপারে সরকার যথেষ্ট সচেতন। তাঁকে প্রয়োজনীয় নিরাপত্তা দিয়েই সেখানে রাখা হয়েছে। গতকাল (৮ জুন শনিবার) আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ধানমণ্ডির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদসম্মেলনে সেতুমন্ত্রী এসব কথা বলেন। এ সময় তিনি আগামী ২৩ জুন আওয়ামী লীগের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেন। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

৫ । **ঈদের দিন খালেদা জিয়ার সঙ্গে তাঁর আত্মীয়স্বজন দেখা করেছেন : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে পেট্রোল বোমা সদৃশ বোতল উদ্ধারের ঘটনার সঙ্গে খালেদা জিয়াকে ইউনাইটেড বা অন্য কোনো হাসপাতালে সরাতে বিএনপির পরিকল্পনার কোনো যোগসূত্র রয়েছে কিনা, তা তদন্ত করে দেখা প্রয়োজন বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। গতকাল (৮ জুন শনিবার) চট্টগ্রাম নগরীর দেওয়ানজী পুকুরপাড়ের বাসভবনে সাংবাদিকদের প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি সাংবাদিকদের আরো জানান, ঈদের দিন খালেদা জিয়া তাঁর সাত আত্মীয়স্বজনের সঙ্গে দেখা করেছেন। সূত্র **: সমকাল** (পৃ.১৫,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৬। **পাইলটের এমন ভুল করা উচিত হয়নি : পাসপোর্ট না নিয়ে বিদেশ সফর সর্ম্পকে স্বরাষ্ট্রমন্ত্রী**

পাসপোর্ট ছাড়াই বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পাইলট ক্যাপ্টেন ফজল মাহমুদের কাতারে যাওয়ার বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, পাইলট ভুল করে পাসপোর্ট নেননি। তবে তার এমন ভুল করা উচিত হয়নি। কারণ এটি প্রধানমন্ত্রীকে বহনকারী বিমান। ইমিগ্রেশন পুলিশের উচিত ছিল পাইলটের পাসপোর্টটি দেখা। গতকাল (৮ জুন শনিবার) র‌্যাব সদরদপ্তরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.১৫,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৩), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৭। রেলযোগাযোগ উন্নত করতে '৪৫ সাল পর্যন্ত দীর্ঘমেয়াদী পরিকল্পনা : পঞ্চগড়ে রেলপথমন্ত্রী

রেলযোগাযোগ আরও উন্নত করার জন্য ২০৪৫ সাল পর্যন্ত দীর্ঘমেয়াদী বিভিন্ন পরিকল্পনা হাতে নেয়া হয়েছে বলে জানিয়েছেন রেলপথমন্ত্রী এ্যাডভোকেট নূরুল ইসলাম সুজন। তিনি আরো বলেন, আমরা গুরুত্বপূর্ণ রেলপথগুলোতে ডবল লাইন করছি, যাতে রেলপথেই ব্যবসায়ীরা তাদের পণ্য পরিবহণ করতে পারেন। এতে সড়কের ওপর যেমন চাপ কমবে তেমনি ব্যবসায়ীরা স্বল্প খরচে তাদের পণ্য পরিবহণ করতে পারবেন। সড়কে যানবাহনে জ্যাম হবে না। গতকাল (৮ জুন শনিবার) পঞ্চগড় চেম্বার অভ্ কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রির আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১১,ক.১), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.৭)।

৮। ক্রীড়া ক্ষেত্রে সরকার অভাবনীয় উন্নয়ন সাধন করেছে : পিরোজপুরে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী অ্যাডভোকেট শ. ম. রেজাউল করিম বলেছেন, বর্তমান সরকার ক্রীড়াবান্ধব সরকার। বর্তমান সরকার ক্রীড়া ক্ষেত্রে অভাবনীয় উন্নয়ন সাধন করেছে বলেই বাংলাদেশ বিশ্ব মানচিত্রে মর্যাদার আসনে অধিষ্ঠিত হয়েছে। গতকাল (৮ জুন শনিবার) পিরোজপুরে জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত মতবিনিময় সভা ও ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৭)।

৯। আজ শুরু হিলি ও বেনাপোল স্থলবন্দরের কার্যক্রম

ঈদুল ফিতরের টানা এক সপ্তাহের ছুটি শেষে আজ (৯ জুন রোববার) থেকে পুনরায় পুরোদমে শুরু হচ্ছে হিলি ও বেনাপোল স্থলবন্দর দিয়ে বাংলাদেশ ও ভারতের মধ্যে পণ্য আমদানি-রফতানি কার্যক্রম। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে গত ২ জুন থেকে ৮ জুন পর্যন্ত এসব বন্দর দিয়ে পণ্য আমদানি-রফতানি বন্ধের ঘোষণা দেওয়া হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৬,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৩)।

১০। বিশ্বকাপে বাংলাদেশের দ্বিতীয় সেঞ্চুরিয়ান সাকিব আল হাসান

গতকাল (৮ জুন শনিবার) টসে জিতে প্রথমে ব্যাটিংয়ে ৬ উইকেটে ৩৮৬ রানের স্কোর গড়ে ইংল্যান্ড। জবাবে ৪৮.৫ ওভারে ২৮০ রানে অল-আউট হয়ে যায় বাংলাদেশ। ১০৬ রানের ব্যবধানে হার নিয়ে মাঠ ছাড়তে হয় বাংলাদেশকে। গতকাল কার্ডিফে সাকিব আল হাসান মাহমুদউল্লাহ রিয়াদের পর বিশ্বকাপে দ্বিতীয় বাংলাদেশি হিসেবে সেঞ্চুরি করার গৌরব অর্জন করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

১১। আজ থেকে কৃষি শুমারির মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কার্যক্রম শুরু

আজ থেকে শুরু হচ্ছে কৃষি শুমারি-২০১৯ এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কার্যক্রম। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) কৃষি শুমারি ২০১৮ প্রকল্পের আওতায় আগামী ২০ জুন পর্যন্ত এ কার্যক্রম চলবে। এ সময় শস্য, মৎস্য ও প্রাণীসম্পদের তথ্য সংগ্রহ করা হবে। শুমারির কার্যক্রম প্রচারণার লক্ষে আজ (৯ জুন রোববার) রাজধানীর আগারগাঁও পরিসংখ্যান ভবনের সামনে শোভাযাত্রা অনুষ্ঠিত হবে। শোভাযাত্রায় পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। কৃষি শুমারি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.ক.৫), **সমকাল** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

১২। আজ বিশ্ব অ্যাক্রিডিটেশন দিবস

বিশ্ব অ্যাক্রিডিটেশন দিবস আজ (৯ জুন রোববার)। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশে দিনটি পালন করা হচ্ছে। এ উপলক্ষে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ অ্যাক্রিডিটেশন বোর্ড (বিএবি) বিস্তারিত কর্মসূচি নিয়েছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বেকারত্বের সমস্যা সমাধানে কারিগরি শিক্ষার সুযোগ কাজে লাগিয়ে দক্ষ জনশক্তি সৃষ্টি ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** রাজধানীর বিমানবন্দর ও বনানীর চলন্ত সিঁড়িযুক্ত ফুটওভারব্রিজের মেরামত ও রক্ষণাবেক্ষণে বিপুল অর্থ অপচয়ের পরও নতুন করে ৮৭টি ফুটওভারব্রিজে চলন্ত সিঁড়িযুক্ত করার উদ্যোগের বিষয় তুলে ধরে এ ধরণের ‘অপচয়’ বন্ধ করার সুপারিশ।

গ. **যুগান্তর :** প্রধানমন্ত্রীর ফিনল্যান্ড সফরে জলবায়ু ও রোহিঙ্গা ইস্যুসহ বিভিন্ন বিষয়ে আন্তর্জাতিক সমর্থনের বিষয়ে প্রধানমন্ত্রীর আদায় করা বিভিন্ন প্রতিশ্রুতির যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা।

ঘ. **বণিক বার্তা :** দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ে অপ্রয়োজনীয় বিভাগ খোলার বিষয়টি যুক্তিযুক্ত নয় বলে অভিমত।

ঙ. **ভোরের কাগজ :** পর্যটন শিল্পের বিকাশ ও উন্নয়নের দ্বারা বিপুল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সুপারিশ।

চ. **ইনকিলাব :** দেশের নদ-নদী, খাল ও জলাশয় অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** মাদক প্রতিরোধে পিতামাতা, অভিভাবক, শিক্ষক ও মস্‌জিদের ইমামদের যথাযথ ভূমিকা পালনের আহ্বান।

জ. **ডেইলি সান, নিউ নেশন** : বাংলাদেশি পাসপোর্টধারী রোহিঙ্গারা বিশ্বের বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়ে বিভিন্ন সন্ত্রাসী কার্যকলাপে জড়িয়ে এ দেশের জাতীয় নিরাপত্তা ও ভাবমূর্তিকে হুমকির মুখে ফেলে দিচ্ছে বলে অভিমত।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রোহিঙ্গা সমস্যার পূর্ণ সমাধান না হয়ে যদি দীর্ঘকাল ঝুলে থাকে, তাহলে বাংলাদেশে জাতীয় ও আন্তর্জাতিক দুই ধরণের ষড়যন্ত্রই আবার দেখা দিতে পারে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **‘পুষ্টি চাহিদা পূরণ ও পরিবেশ রক্ষায় নারী’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নারীর সঙ্গে সবুজ প্রকৃতির গভীর সম্পর্কের মাধ্যমে মনের প্রশান্তি লাভ ও বাড়তি উপার্জন সম্ভব।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/২০১৯/ ৯.০০ঘন্টা